

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর-২৬.০০.০০০০.০০০.১৫৬.৭০.১৭৭৭.২৬-৯৩

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩৩
২২ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা অনুযায়ী “National Institute of Environment and Climate Change” এর অনুকূলে লাইসেন্স ইস্যু।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা অনুযায়ী “National Institute of Environment and Climate Change” এর নামে ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ ১৫/২০২৬ নম্বর লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। লাইসেন্সে বর্ণিত শর্তাবলি আবশ্যিকভাবে পরিপালন করতে হবে।

০২। এমতাবস্থায়, লাইসেন্স এর কপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) পাতা।


আশরাফুল হিদ্দিক
উপসচিব

ফোন: ২২৩৩৮৯০০১
E-mail: to1@mincom.gov.bd

নির্বাহী পরিচালক

National Institute of Environment and
Climate Change (NIECC)

পরিবেশ ভবন (পুরাতন ভবন, ৪র্থ তলা), ই-১৬


আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নম্বর-২৬.০০.০০০০.০০০.১৫৬.৭০.১৭৭৭.২৬-৯৩

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩৩
২২ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। সিস্টেম এনালিস্ট, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক এর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহাপরিচালক এর সদয় অবগতির জন্য)
- ০৭। অফিস কপি।


আশরাফুল হিদ্দিক
উপসচিব

লাইসেন্স নং-১৫/২০২৬

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩৩
২২ সেপ্টেম্বর ২০২৬

কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয়েছে যে, পরিবেশ, প্রতিবেশ, জীববৈচিত্র্য সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও জলবায়ু পরিবর্তন বিষয়ে গবেষণা, পলিসি সাপোর্ট ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ এবং পরামর্শ সেবা প্রদানের লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনে “National Institute of Environment and Climate Change” নামে সংগঠন প্রতিষ্ঠা করে একটি সাধারণ উদ্দেশ্য সাধনে এবং সংগঠনের অন্তর্ভুক্ত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণীর প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে একত্রিত হতে যাচ্ছে;

সেহেতু, কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা অনুসারে সরকার সন্তুষ্ট হয়ে “National Institute of Environment and Climate Change” সংগঠনটিকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাণিজ্য সংগঠন লাইসেন্স প্রদান করল:

- (ক) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর ২৮ ধারা এবং এর আওতাধীন প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণপূর্বক লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায়সহ এর নামের সঙ্গে “লিমিটেড” শব্দ ব্যবহার না করে নিবন্ধন করতে হবে;
- (খ) সরকার কর্তৃক সংগঠনটির অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধিতে সরকার প্রয়োজনে পরবর্তীতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়নের ক্ষমতা সংরক্ষণ করে এবং সরকার কর্তৃক অনুরূপ কোন নির্দেশনা প্রদান করা হলে সংগঠন এর সংঘস্মারক/সংঘবিধিতে প্রয়োজনীয় সংশোধন করতে বাধ্য থাকবে;
- (গ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধনের পর নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক সত্যায়িত ছাপানো সংঘস্মারক/সংঘবিধির ০২ (দুই) কপি এবং নিবন্ধন প্রত্যয়নপত্রের ০২ (দুই) কপি ফটোকপি মহাপরিচালক, বাণিজ্য সংগঠন অনুবিভাগ-এর নিকট জমা দিতে হবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এতদসঙ্গে সংযুক্ত);
- (ঘ) সময় সময় সরকার কর্তৃক এ সংক্রান্ত আরোপিত শর্তাদি ও বিধি-বিধান অবশ্যই পালনীয় হবে এবং এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক/সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে;
- (ঙ) সংগঠনের জন্য আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা ও ওয়েবসাইট খুলতে হবে;
- (চ) নিবন্ধনের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহ্বান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;
- (ছ) সংগঠনটি সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না;
- (জ) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর কোন বিধান এবং উপরে বর্ণিত ও সংঘস্মারক/সংঘবিধিতে উল্লিখিত শর্তাবলীর কোনরূপ বরখেলাপ বা লঙ্ঘন করা হলে এ সংগঠনের প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স বাতিল বলে গণ্য হবে।

এ লাইসেন্স দু’হাজার ছাব্বিশ সালের সেপ্টেম্বর মাসের ২২ (বাইশ) তারিখ আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।


(মোহাম্মদ মোস্তফা জামাল হায়দার)
মহাপরিচালক
বাণিজ্য সংগঠন অনুবিভাগ